

নং-০৯.৩১৩.০০৭.০০.০০.০১১.২০১৬/২২৮

তারিখ: ০৮/০৯/২০১৬।


অর্থনৈতিক সম্পর্ক বিভাগের কর্মকর্তাগণের বিভিন্ন প্রকার সিল ও নামফলক সরবরাহের নিমিত্তে

কোটেশন আহ্বান বিজ্ঞপ্তি

০১.	মন্ত্রণালয়/বিভাগ	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়।	
০২.	সংগ্রহকারী সত্তার নাম	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়।	
০৩.	কি জন্য আহ্বান	ফ্লাস্কো সীল, অটোসিল এবং নামফলক (২০১৬-১৭ অর্থ বছরের ৩০, জুন ২০১৭ পর্যন্ত)।	
০৪.	সংগ্রহ পদ্ধতি	কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতি।	
০৫.	বাজেট এবং সোর্স অব ফান্ড	রাজস্ব খাত।	
০৬.	কাজের নাম	অর্থনৈতিক সম্পর্ক বিভাগের কর্মকর্তাগণের জন্য ফ্লাস্কো সীল, অটোসিল এবং নামফলক সরবরাহ।	
০৭.	দরপত্র প্রকাশের তারিখ	০৮/০৯/২০১৬।	
০৮.	দরপত্র সিডিউল বিতরণের শেষ তারিখ	২১/০৯/২০১৬, বিকাল ৩.০০ টা পর্যন্ত।	
০৯.	দরপত্র জমাদানের শেষ তারিখ ও সময়	২২/০৯/২০১৬, বেলা- ০২.০০ টা।	
১০.	দরপত্র খোলার তারিখ ও সময়	২২/০৯/২০১৬, বিকাল-০৩.০০ টা।	
১১.	দরপত্র আহ্বানকারী দপ্তরের নাম ও ঠিকানা	প্রশাসন-৩ অধিশাখা, ব্লক-১০/১৮, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।	
১২.	দরপত্র গ্রহণকারীর দপ্তর	উপসচিব (প্রশাসন-৩ অধিশাখা), ব্লক-১০/১৮, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।	
১৩.	দরপত্র খোলার দপ্তর	উপ সচিব (প্রশাসন-৩ অধিশাখা), ব্লক-১০/১৮, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।	
১৪.	কাজের সংক্ষিপ্ত বিবরণ	ফ্লাস্কো সীল, অটোসিল এবং নামফলক সরবরাহ করা।	
১৫.	নামফলক/সিলমোহরের বিবরণ	শর্তাদি	
		কাজের সময়সীমা	
ক)	সিলমোহর ১. কর্মকর্তার নাম ও পদবীসহ ফ্লাস্কোসিল (প্লাস্টিক বডি) ২. জরুরি/অতিজরুরি বিষয়ক ফ্লাস্কোসিল (প্লাস্টিক বডি) ৩. গোলাকৃতি দাপ্তরিক সিল (প্লাস্টিক বডি) ৪. উর্দ্ধতন কর্মকর্তাদের অটোসিল (প্লাস্টিক বডি)।	সরবরাহকৃত ফ্লাস্কো সীল, অটোসিল এর ওয়ারেন্টিকাল কমপক্ষে ০১ (এক) বছর।	রিকুইজিশন প্রাপ্তির ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে সরবরাহ করতে হবে।
খ)	নামফলক ১. উপ-সচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাদের জন্য ১.৫'x৬ ½" সাইজের ফিটিংসহ ফরমিকা বেইজের ওপর পিতলের নামফলক ২. সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী প্রধান/ সিনিয়র সহকারী প্রধান পর্যায়ের কর্মকর্তাগণের জন্য ১.৫'x৬" সাইজের ফিটিংসহ ফরমিকা বেইজের ওপর এ্যালুমিনিয়ামের নামফলক ৩. প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তাদের চকলেট কালার নাম ঢুকানো বক্সসহ ১.২'x৬" সাইজের প্লাস্টিক প্লেটের ওপর নামফলক (নমুনা মোতাবেক)	সরবরাহকৃত নামফলক কমপক্ষে ০২ (দুই) বছরের ওয়ারেন্টিকাল দিতে হবে।	রিকুইজিশন প্রাপ্তির ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে সরবরাহ করতে হবে।
১৬.	দরপত্র আহ্বানকারী কর্মকর্তার নাম ও পদবী	নুসরাত নোমান, উপসচিব (প্রশাসন-৩ অধিশাখা), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।	
১৭.	দরপত্র আহ্বানকারী কর্মকর্তার ঠিকানা	উপসচিব (প্রশাসন-৩ অধিশাখা), ব্লক-১০/১৮, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।	

দরদাতাদের প্রতি বিশেষ নির্দেশাবলী :

১. দাখিলকৃত দর সুস্পষ্টভাবে অংকে ও কথায় লিখতে হবে।
২. দরপত্রদাতাকে টেন্ডার ডকুমেন্টের সকল পাতায় অবশ্যই স্বাক্ষর করতে হবে।
৩. দরপত্রের সঙ্গে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, অভিজ্ঞতার সনদপত্র, আয়কর সনদপত্রের ছায়াছবি দাখিল করতে হবে অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।
৪. যদি কোন দরপত্রদাতা অসত্য/ভুল তথ্য অথবা জাল সার্টিফিকেট দাখিল করেন তাহলে তার দরপত্র বাতিল বলে গণ্য হবে।
৫. সীলমোহরকৃত দরপত্র খামের উপরিভাগে সংক্ষিপ্ত কাজের নাম ও পার্শ্বে দরদাতাগণের পূর্ণ নাম ও ঠিকানা (সীল মোহরসহ) পরিষ্কারভাবে লিপিবদ্ধ থাকতে হবে।
৬. নিম্নস্বাক্ষরকারীর সঙ্গে অফিস চলাকালীন সময়ে অন্যান্য যে কোন তথ্যের জন্য যোগাযোগ করা যেতে পারে।
৭. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সকল দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
৮. দরপত্রের যাবতীয় কার্যক্রম The Public Procurement Rules-২০০৯ (সংশোধিত) অনুসারে পরিচালিত হবে।
৯. বিল থেকে সরকার কর্তৃক নির্ধারিত সব ধরনের ভ্যাট, ট্যাক্স এবং অন্যান্য কর্তব্যযোগ্য অর্থ কর্তন করা হবে।


(নুসরাত নোমান)
উপ সচিব
ফোনঃ ৯১১৯৫৭৩

বিতরণঃ

- ১। যুগ্ম-সচিব (প্রশাসন), আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা (আইএমইডি, নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ)।
- ২। উপসচিব (সাধারণ অধিশাখা-১), পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা (পরিকল্পনা বিভাগের নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ)।
- ৩। সিস্টেমস এনালিস্ট, আইসিটি সেল, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা (অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৪। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের নোটিশ বোর্ড, শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)

- ১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ২। অনুবিভাগ প্রধান (প্রশাসঃ ও মপ্রাঃ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৩। উপসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।